

B.A. 6th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : CC-XIV

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'লিরিক্যাল ব্যালাডস্'-এর সম্পাদক দুজনের পুরো নাম লেখো।
- (খ) সিম্বলিজম বলতে কী বোঝো?
- (গ) ফার্স-এর দুটি বৈশিষ্ট্য লেখো।
- (ঘ) আত্মনিষ্ঠ প্রবন্ধ বলতে কী বোঝায়?
- (ঙ) বাংলা সাহিত্যের দুজন সুররিয়ালিস্ট কবির নাম লেখো।
- (চ) সিম্বলিজম বা প্রতীকবাদের প্রথম প্রতিভূ কবি কাকে বলা হয়? বুদ্ধদেব বসু এই কবির কোন বই, কী নামে বাংলায় অনুবাদ করেন?
- (ছ) শেক্সপিয়রীয় সনেটের দুটি বৈশিষ্ট্য লেখো।
- (জ) রিয়ালিজমের বিশিষ্টতা আছে এমন দুটি বিদেশি উপন্যাস এবং তাদের লেখকদের নাম লেখো।
- (ঝ) দুটি বাংলা সাহিত্যিক মহাকাব্যের নাম লেখো।
- (ঞ) মন্বয় কবিতা বলতে কী বোঝো?
- (ট) কোন দেবতার উদ্দেশে নিবেদিত উৎসবের সঙ্গে 'ট্র্যাজেডি' সংক্রপটি জড়িত ছিল? ট্র্যাজেডি অভিনয়ের মাধ্যমে কীসের বিবরণ দেওয়ার রীতি ছিল?
- (ঠ) 'কমিক রিলিফ' বলতে কী বোঝো?
- (ড) অমিল প্রবহমান পয়ার বলতে কী বোঝায় — উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।
- (ঢ) Lyre ও Lyric-এর যোগসূত্রটি বুঝিয়ে দাও।
- (ণ) ছোটগল্প ও গীতিকবিতার মধ্যে কোনো সম্পর্ক আছে কি না বুঝিয়ে দাও।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) ক্লাপিসিজম-এর বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে নিজের ভাষায় লেখো।
- (খ) কমেডি বলতে কী বোঝো? কমেডির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- (গ) প্রহসন কাকে বলে? এই সূত্রে যে-কোনো একটি বাংলা প্রহসন অবলম্বনে প্রহসনের মূল বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।
- (ঘ) প্রাসঙ্গিক উদাহরণসহ এপিকের প্রধান লক্ষণগুলি নির্দেশ করো।
- (ঙ) নাট্যকাব্য ও কাব্যনাট্য — এই দুই সংক্রমণের পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
- (চ) বাংলা নাটকের উদ্ভবের সংক্ষিপ্ত ইতিহাসটি লেখো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

- (ক) রোমান্টিসিজমের স্বরূপ আলোচনা করে কবিতার জগতে কীভাবে এই আলোড়ন ধরা পড়ল তার ইতিহাসটি লেখো।

অথবা,

রিয়ালিজম বলতে কী বোঝায়? এই প্রবণতার সময়কাল ও বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

- (খ) বাংলা ছোটগল্প সংক্রপটি রবীন্দ্রনাথের রচনার ভিতর দিয়েই ক্রমশ তৈরি হয়ে উঠল। — এই অভিমতটি যথার্থ কি না আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা,

বাংলা ঐতিহাসিক উপন্যাসের স্বরূপ আলোচনা করো।